

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৫৪-আইন/২০১৭/৪০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৪৯-আইন/২০১৩/২৪৩৬/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের শর্ত ১ এর দফা (ক), (খ), (গ), (ঘ), (ঙ) ও (চ) এর পরিবর্তে নিম্নবর্ণিত দফা (ক), (খ), (গ), (ঘ) ও (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক)	১ (এক) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ির জন্য -	০%
(খ)	১ (এক) বৎসরের অধিক হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	১৫%
(গ)	২ (দুই) বৎসরের অধিক হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	২৫%
(ঘ)	৩ (তিন) বৎসরের অধিক হইতে ৪ (চার) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৩৫%
(ঙ)	৪ (চার) বৎসরের অধিক হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত পুরাতন বা রিকভিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৪০%”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব